আজকের কাগজ

তারিখ 22 JUL 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

১৭

চট্টগ্রাম কমার্স কলেজে হত্যাকান্ড ঃ

# ছাত্রদল ছাত্রলীগকে সতর্ক করে দিলো

**কাগজ প্রতিবেদক ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল নেতারা 'হত্যার রাজনীতি' বন্ধ করার জন্যে ছাত্রলীগ কর্মীদের সতর্ক করে দেন। তাঁরা সোমবার চট্টগ্রাম সরকারি কমার্স কলেজ ছাত্র সংসদের সহ-সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম জহিরকে হত্যার জন্যে ছাত্রলীগ (ম-ই) কর্মীদের দায়ী করেন এবং অবিলম্বে তাদের গ্রেফতার করার জন্যে পুলিশের প্রতি আহ্বান জানান। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের সাধারণ সম্পাদক ইলিয়াস আলী, সাংগঠনিক সম্পাদক আবদুল মালেক, মনিরুজ্জামান মনির, হাবিবুন্নবী সোহেল ও আলী আক্কাস নাদিম। সমাবেশের আগে একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।

এদিকে ডাকসু সহ-সভাপতি আমানুল্লাহ আমান এম পি ও সাধারণ সম্পাদক খায়রুল কবির খোকন এক বিবৃতিতে চট্টগ্রাম কমার্স কলেজের ছাত্র সংসদের এজিএস জহিরুল ইসলাম হত্যাকান্ডের তীব্র নিন্দা করেছেন এবং জড়িতদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।